# ফেডারেল রিপাবলিক অব জার্মানির চ্যান্সেলরের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

10ই সেপ্টেম্বর, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১০ই সেপ্টেম্বর, ২০২৩ এ নয়াদিল্লিতে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে জার্মানির চ্যান্সেলর মহামান্য মিঃ ওলাফ শোলজের সঙ্গে সাক্ষাৎ করেন। ২০২৩ সালের ফেব্রুয়ারিতে ভারত সফরের পর এ বছর চ্যান্সেলরের এটি দ্বিতীয় ভারত সফর।

২. চ্যান্সেলর শোলজ জি-২০ প্রেসিডেন্সির সাফল্যের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান। বিভিন্ন জি-২০ বৈঠক ও ইভেন্টে উচ্চ পর্যায়ের অংশগ্রহণের মাধ্যমে ভারতের জি-২০ প্রেসিডেন্সির সময় জার্মানির সমর্থনের প্রশংসা করেন প্রধানমন্ত্রী।

৩. নেতৃবৃন্দ তাদের দ্বিপাক্ষিক কৌশলগত অংশীদারিত্বের অগ্রগতিও পর্যালোচনা করেন। প্রতিরক্ষা, সবুজ ও টেকসই উন্নয়ন, গুরুত্বপূর্ণ খনিজ সম্পদ, দক্ষ কর্মীদের গতিশীলতা এবং শিক্ষার মতো ক্ষেত্রগুলিতে সহযোগিতা আরও গভীর করার উপায় গুলি নিয়ে তারা আলোচনা করেন।

৪. নেতৃবৃন্দ পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চলিক ও বৈশ্বিক ইস্যুতে মতবিনিময় করেন।

৫. প্রধানমন্ত্রী চ্যান্সেলর শোলজকে আগামী বছর আন্তঃসরকারি পরামর্শের পরবর্তী রাউন্ডের জন্য ভারতে আমন্ত্রণ জানান।

**নয়া দিল্লি**
**10ই সেপ্টেম্বর, 2023**